যুগান্তর

তারিখ 25 MAR 2015
পৃষ্ঠা ১৪ কলাম ৪

### বিএনপির সঙ্গে বৈঠক ও পোস্টার সাঁটানো

# সাভারে ছাত্রলীগের সাবেক নেতাসহ গ্রেফতার ৫

**স্টাফ রিপোর্টার,** *সাভার*

সাভারে সরকারবিরোধী আন্দোলন নিয়ে স্থানীয় বিএনপি নেতাদের সঙ্গে গোপন বৈঠকের সময় ছাত্রলীগের সাবেক নেতাসহ দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার গভীর রাতে সাভার পৌর এলাকার গেণ্ডায় একটি অফিস থেকে তাদের গ্রেফতার করা হয়। এছাড়া বিএনপির পোস্টার সাঁটানোর সময় তিনজনকে গ্রেফতার করা হয়। পুলিশ জানায়, ২৬ মার্চকে সামনে রেখে বিএনপি-জামায়াত কর্মীরা নাশকতার পরিকল্পনা করছে এমন খবরের ভিত্তিতে সাভার পৌর এলাকার গেণ্ডা বাসস্ট্যান্ডে ঢাকা জেলা মুক্তিযোদ্ধা প্রজন্ম দলের সাধারণ সম্পাদক ইউসুফ আবদুল্লাহর অফিসে অভিযান চালানো হয়। সেখান থেকে সাভার বিশ্ববিদ্যালয় কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সভাপতি আলতাফ হোসেন খাজা এবং ইউসুফ আবদুল্লাহকে গ্রেফতার করা হয়। এ সময় তাদের কাছে পাওয়া যায় খালেদা জিয়া ও মির্জা ফখরুলের ছবিসহ বিপুল পরিমাণ পোস্টার, ব্যানার এবং ফেস্টুন। তাদের তত্ত্বাবধানে বিএনপির পোস্টার লাগানোর সময় আরও তিনজনকে গ্রেফতার করে পুলিশ।